# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

৫, কাওরান বাজার, ঢাকা
www.brdb.gov.bd

## পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচির অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব সরদার মোঃ কেরামত আলী (অতিরিক্ত সচিব),
মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।
স্থান : সম্মেলন কক্ষ, বিআরডিবি সদর দপ্তর, ঢাকা।
তারিখ : ০৭ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ
সময় : সকাল ১১:০০ ঘটিকা।
উপস্থিতি : সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদরদপ্তরের বিশেষ প্রকল্প শাখার কর্মকর্তাগণ, সিআরএম সংশ্লিষ্ট দলনেতা ও মনিটরিং কর্মকর্তাদের এবং ভার্চুয়ালি সংযুক্ত সকল জেলার উপপরিচালক ও ইউআরডিওদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (বিশেষ প্রকল্প) কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিলের প্রেক্ষাপট এবং ১৬ অক্টোবর, ২০২৩ এ জারিকৃত "পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২৩" এর আলোকে ডিসেম্বর/২৫ পর্যন্ত ৬৪ জেলাধীন ৪৭৯ উপজেলায় পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচির চলমান কার্যক্রম নিয়ে ধারাবাহিকভাবে আলোচনা করেন। তিনি কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিলের মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ও আদায়ের অগ্রগতি, পল্লী উদ্যোক্তা ঋণ (আরইএল) তহবিল বিতরণের অগ্রগতি (সর্বোচ্চ ও সর্বনিম্ন বিতরণকারী উপজেলা), আদায়ের অগ্রগতি (সর্বোচ্চ ও সর্বনিম্ন আদায়কারী উপজেলা), বকেয়া ঋণ আদায়ের অগ্রগতি (কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ), অবিতরণকৃত ঋণ তহবিল স্থিতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচির কার্যক্রম শূন্য উপজেলাসমূহের কার্যক্রম ত্বরান্বিতকরণ | পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচির কার্যক্রম শূন্য অর্থাৎ বিতরণ ও আদায় শূন্য এরূপ ১৫ টি উপজেলা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ইটনা, কিশোরগঞ্জ নিয়ে আলোচনাকালে মহাপরিচালক মহোদয় উপপরিচালক (কিশোরগঞ্জ)-কে আগামী এক সপ্তাহের মধ্যে ইটনা উপজেলার উদ্যোক্তাদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করেন। গোলাপগঞ্জ, সিলেট নিয়ে আলোচনাকালে বর্তমান অর্থ বছরে বিগত ০৬ মাসে কোন ঋণ বিতরণ ও আদায় হয়নি এবং এসএমই ঋণের ৩২.৫০ লক্ষ টাকা মেয়াদোত্তীর্ণ রয়েছে থাকায় মহাপরিচালক মহোদয় গোলাপগঞ্জ, সিলেট-এ তদন্ত টিম পাঠানোর নির্দেশ প্রদান করেন। সিলেটের বাকি উপজেলাসমূহের (জৈন্তাপুর, ফেঞ্চুগঞ্জ, কোম্পানিগঞ্জ ও দক্ষিণ সুরমা) পল্লী উদ্যোক্তা ঋণ কার্যক্রমের অগ্রগতি বাড়াতে উপপরিচালক, সিলেট-কে নিবিড় তদারকির জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। অনুরূপভাবে, শরণখোলা, বাগেরহাট; হাতিয়া, নোয়াখালী; সদর উপজেলা, ঝালকাঠি; লৌহজং ও টঙ্গীবাড়ি, মুন্সীগঞ্জ এর বিতরণ ও আদায় ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালকদের নির্দেশনা প্রদান করা হয়। | (ক) উপপরিচালক(কিশোরগঞ্জ)-কে আগামী এক সপ্তাহের মধ্যে ইটনা উপজেলার উদ্যোক্তাদের সাথে যোগাযোগপূর্বক ঋণ বিতরণ সংক্রান্ত অগ্রগতি যুগ্মপরিচালক (সম্প্র. ও বিশেষ প্রকল্প) বরাবর প্রেরণের করতে হবে।<br>বাস্তবায়নে- সংশ্লিষ্ট কর্মকর্তা।<br>(খ) নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার অব্যবহৃত তহবিল হতে আগামী ০১ মাসের মধ্যে ঋণ বিতরণপূর্বক যুগ্মপরিচালক (সম্প্র. ও বিশেষ প্রকল্প) বরাবর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে- সংশ্লিষ্ট কর্মকর্তা।<br>(গ) গোলাপগঞ্জ, সিলেট-এ চলতি অর্থবছরে বিগত ০৬ মাসে কোন ঋণ বিতরণ ও আদায় হয়নি এবং এসএমই ঋণের ৩২.৫০ লক্ষ টাকা মেয়াদোত্তীর্ণ থাকায় তদন্ত টিম পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নে- পরিচালক (সরেজমিন)।<br>(ঘ) লৌহজং, টঙ্গীবাড়ি উপজেলা, মুন্সীগঞ্জ-এর অবিতরণকৃত ঋণ আগামী ০১ মাসের মধ্যে বিতরণ ও আরইএল সফটওয়্যারে পোস্টিং প্রদানপূর্বক প্রতিবেদন যুগ্মপরিচালক (সম্প্র. ও বিশেষ প্রকল্প) বরাবর প্রেরণের করতে হবে।<br>বাস্তবায়নে- সংশ্লিষ্ট কর্মকর্তা। |

| ক্র. নং. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০২ | ঋণ তহবিল ব্যবহার | ডিসেম্বর/২০২৫ পর্যন্ত আরইএল সফটওয়্যার দৃষ্টে ১৫.০০ লক্ষ টাকার অধিক অব্যবহৃত ঋণ তহবিল রয়েছে এরূপ ১২ টি উপজেলার (নারায়নগঞ্জ সদর, মুন্সীগঞ্জ সদর, ইটনা, হাতিয়া, শরণখোলা, গলাচিপা, সৈয়দপুর, কুমারখালী, কুলিয়ারচর, চুনারুঘাট, নাজিরপুর, গুরুদাসপুর, চুনারুঘাট) কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে পরিচালক (সরেজমিন) মহোদয় সংশ্লিষ্ট ইআরডিওদের পল্লী উদ্যোক্তা নীতিমালা অনুযায়ী যথাযথভাবে উদ্যোক্তা সদস্য বাছাইপূর্বক ঋণ বিতরণের নির্দেশ দেন এবং জেলার উপপরিচালকদের এ বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য বলেন। | (ক) ইআরডিও সদর উপজেলা, নারায়নগঞ্জ; মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ; ইটনা ও কুলিয়ারচর, কিশোরগঞ্জ; হাতিয়া, নোয়াখালী; শরণখোলা, বাগেরহাট; গলাচিপা, পটুয়াখালী; সৈয়দপুর, নীলফামারী; কুমারখালী, কুষ্টিয়া, , চুনারুঘাট, হবিগঞ্জ; নাজিরপুর, পিরোজপুর ও গুরুদাসপুর, নাটোর-কে অবিতরণকৃত ঋণ তহবিল বিতরণ ও আরইএল সফটওয়্যারে পোস্টিং প্রদানপূর্বক অগ্রগতি প্রতিবেদন আগামী ০১ মাসের মধ্যে যুগ্মপরিচালক (সম্প্র. ও বিশেষ প্রকল্প) বরাবর প্রেরণের করতে হবে।<br>বাস্তবায়নে- সংশ্লিষ্ট কর্মকর্তাগণ। |
| ০৩ | মেয়াদোত্তীর্ণ খেলাপি হ্রাসকরণ | আরইএল সফটওয়্যার দৃষ্টে দেখা যায় যে, জুলাই/২০২৫ মাসে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ছিল ৫৭৪.৭০ লক্ষ টাকা; যা ডিসেম্বর/২০২৫ মাসে বৃদ্ধি পেয়ে ৯৭১.৮৮ লক্ষ টাকা হয়েছে। সর্বোচ্চ মেয়াদোত্তীর্ণ ০৯ টি উপজেলা (নড়াইল সদর, ডিমলা, আগৈলঝরা, তালা, মুন্সীগঞ্জ সদর, মিঠাপুকুর, রাঙামাটি সদর, কাপ্তাই ও বোরহানউদ্দিন) নিয়ে সভায় আলোচনা হয়। বর্ণিত উপজেলায়গুলোতে খেলাপি ঋণ বৃদ্ধি পাওয়ায় মহাপরিচালক মহোদয়সহ উপস্থিত সকলে অসন্তোষ প্রকাশ করেন। খেলাপি ঋণ হ্রাসের জন্য যুগ্মপরিচালক (সম্প্র. ও বিশেষ প্রকল্প) মাসিকভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক ঋণ আদায় নিশ্চিত করতে নির্দেশ দেন। নতুন করে কোন ঋণ যাতে খেলাপী না হয় সে বিষয়ে মহাপরিচালক মহোদয় সকলকে সতর্ক করেন। | (ক) তালা, সাতক্ষীরা-কে আগামী ০২ মাসের মধ্যে মেয়াদোত্তীর্ণ ১৫ লক্ষ টাকা থেকে ০৫ লক্ষ টাকা আদায় করতে হবে।<br>(খ) ইউআরডিও, নড়াইল সদর উপজেলা-কে খেলাপি ঋণ আদায়ের গৃহীত পদক্ষেপ সম্পর্কে আগামী ১৫ দিনের মধ্যে পরিচালক (সরেজমিন) বরাবর প্রতিবেদন প্রেরণ করতে হবে এবং আগামী ০২ মাসের মধ্যে খেলাপি ঋণ ২১.২৩ লক্ষ টাকা থেকে ১০.০০ লক্ষ টাকা আদায় করতে হবে।<br>(গ) আগৈলঝরা, বরিশাল-কে আরইএল এবং এসএমই এর মেয়াদোত্তীর্ণ খেলাপি আগামী ০২ মাসের মধ্যে খেলাপি ঋণ ২০.২৯ লক্ষ টাকা থেকে ১০.০০ লক্ষ টাকা কমানোর ব্যবস্থা গ্রহণের এবং উপপরিচালক (বরিশাল)-কে নিবিড় তদারকি করতে নির্দেশ প্রদান করা হয়।<br>(ঘ) রাঙ্গামাটি সদর ও কাপ্তাই, রাঙ্গামাটি-কে যথাক্রমে ১৭.৪৮ লক্ষ টাকা থেকে ৫.০০ লক্ষ টাকা এবং ১২.৪৯ লক্ষ টাকা থেকে ৫.০০ লক্ষ টাকা; ডিমলা, নীলফামারী-কে ২০.৫৬ লক্ষ টাকা থেকে ৫.০০ লক্ষ টাকা; মেয়াদোত্তীর্ণ খেলাপি আগামী ০২ মাসের মধ্যে আদায় করতে হবে।<br>বাস্তবায়নে- সংশ্লিষ্ট কর্মকর্তাগণ। |
| ০৪ | বিবিধ | পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচির বিদ্যমান নীতিমালার কিছু শর্ত অনুযায়ী উদ্যোক্তা ঋণ কার্যক্রম পরিচালনা করা কঠিন হয়ে যাচ্ছে বিধায় নীতিমালা সহজীকরণের বিষয়ে বিভিন্ন সময় জেলার উপপরিচালকগণ উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেন। তৎপ্রেক্ষিতে, সদর দপ্তরের স্মারক নম্বর-৯৬৫৭, তারিখ ০২ নভেম্বর, | (ক) যে সকল জেলার উপপরিচালক এখনও পল্লী উদ্যোক্তা নীতিমালা সহজীকরণ সংক্রান্ত মতামত প্রেরণ করেনি, সে সকল উপপরিচালকদের আগামী এক সপ্তাহের মধ্যে সরেজমিন বিভাগে মতামত প্রেরণ করতে হবে। কোন প্রস্তাবনা বা মতামত না থাকলে |

| ক্র. নং. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৪ | বিবিধ | ২০২৫ তারিখে "পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০২৩" সহজীকরণের ব্যাপারে মতামত চেয়ে পত্র জারি করা হয়। কিন্তু অদ্যবধি বেশিরভাগ জেলা হতে মতামত না পাওয়ায় যুগ্মপরিচালক (সম্প্র. ও বিশেষ প্রকল্প) সকল জেলার উপপরিচালকদের নীতিমালা সহজীকরণের ব্যাপারে মতামত প্রেরণের জন্য পুনরায় তাগিদ প্রদান করেন।<br>ইটনা, কিশোরগঞ্জ উপজেলায় ডিসেম্বর/২০২৫ পর্যন্ত আরইএল সফটওয়্যারে বিতরণ ও আদায় শূন্য থাকার ব্যাপারে মহাপরিচালক মহোদয় জানতে চাইলে জুম সভায় ইউআরডিও, ইটনা, কিশোরগঞ্জ-কে উপস্থিত পাওয়া যায়নি বিধায় ইউআরডিও, ইটনা, কিশোরগঞ্জ-কে ব্যাখ্যা তলবের নির্দেশনা প্রদান করেন। এছাড়া, বর্ণিত সভার নোটিশ ওয়েবসাইটে প্রচার, হোয়াটসঅ্যাপ গ্রুপে জানানো সত্ত্বেও উপপরিচালক (কিশোরগঞ্জ) উক্ত সভায় পূর্ণাঙ্গ প্রস্তুতিসহ না থাকায় উপপরিচালক (কিশোরগঞ্জ)-কে ব্যাখ্যা তলবের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।<br>সদর দপ্তর কর্তৃক আয়োজিত সভায় ভার্চুয়ালি সংযুক্ত জেলার উপপরিচালক ও ইউআরডিওদেরকে সংশ্লিষ্ট জেলা-উপজেলা সংক্রান্ত ঋণ তহবিল ও অন্যান্য বিষয়ে জিজ্ঞাসা করা হলে যথাযথ উত্তর দিতে না পারায় এবং আরইএল সফটওয়্যারে নিয়মিত পোস্টিং না দেয়ার কারনে সঠিক প্রতিবেদন প্রদর্শিত না হওয়ায় মহাপরিচালক মহোদয় সভায় অসন্তোষ প্রকাশ করেন। পরবর্তীতে এসকল সভায় অংশগ্রহণের পূর্বে সংশ্লিষ্ট জেলা-উপজেলার কর্মকর্তাদেরকে আরইএল সফটওয়্যারে নিয়মিত এন্ট্রি প্রদানসহ হালনাগাদ প্রতিবেদন/পূর্ণাঙ্গ প্রস্তুতিসহ যথাসময়ে সভায় সংযুক্ত হওয়ার পরামর্শ দেন।<br>মহাপরিচালক মহোদয় আরও বলেন ঋণ বিতরণ ও আদায়ে যাদের performance ভালো তাদেরকে বিভিন্নভাবে পুরস্কৃত করা হবে এবং একইভাবে খারাপ performance এর জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। | শূন্য প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে- সংশ্লিষ্ট উপপরিচালকগণ।<br>(খ) ইউআরডিও, ইটনা, কিশোরগঞ্জ এবং উপপরিচালক, কিশোরগঞ্জ-কে ব্যাখ্যা তলব করতে হবে।<br>বাস্তবায়নে- পরিচালক (সরেজমিন)।<br>(গ) ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমের তথ্য পরবর্তী কার্য দিবসের মধ্যে ইউআরডিও-দের সফটওয়্যারে এন্ট্রি নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়নে- সংশ্লিষ্ট ইউআরডিওগণ।<br>(ঘ) ভার্চুয়ালি সংযুক্ত জেলার উপপরিচালক ও ইউআরডিওদেরকে সদর দপ্তর কর্তৃক আয়োজিত সভায় হালনাগাদ প্রতিবেদন/ পূর্ণাঙ্গ প্রস্তুতিসহ যথাসময়ে সংযুক্ত থাকতে হবে।<br>বাস্তবায়নে- সংশ্লিষ্ট কর্মকর্তাগণ।<br>(ঙ) পল্লী উদ্যোক্তা ঋণ বিতরণ ও আদায়ের কার্যক্রম মূল্যায়ন করে উত্তম কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্টদের পুরস্কার এবং অনাকাঙ্ক্ষিত/খারাপ কার্যক্রম পরিচালনার জন্য তিরস্কার বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নে- পরিচালক (সরেজমিন)। |

সভায় আর কোন বিষয় উপস্থাপিত না হওয়ায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সরদার মোঃ কেরামত আলী
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন: ০২-৪১০১০৩২০
ই-মেইল: dg@brdb.gov.bd